**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

দেশের যুব প্রজন্মের উদ্ভাবনীমূলক ক্ষমতাই ভারতেকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলবে । গতকাল নতুন দিল্লীর ভারত মন্ডপমে জাতীয় যুব দিবস উপলক্ষে আয়োজিত বিকশিত ভারত যুব নেতা - ২০২৫-এ অংশ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা বলেছেন । প্রধানমন্ত্রী শ্রীমোদী জানান যে ভারতের যুব শক্তি দেশকে দ্রুত পরিবর্তনশীল করে তুলছে । প্রধানমন্ত্রী আরো বলেন যে দেশের নব-প্রজন্মের ওপর তার অগাধ বিশ্বাস রয়েছে এবং এই যুব শক্তিই আগামীদিনের সব প্রত্যাহ্বানের সমাধান সূত্র খুজে বের করতে সক্ষম হবে । প্রসঙ্গত তিনি বলেন যে একটি উন্নত রাষ্ট্রের মূল ভিত হচ্ছে শক্তিশালী অর্থনৈতিক পরিকল্পনা , কর্মপদ্ধতি ,সামাজিক এবং সাস্কৃতিক বন্ধন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯শে জানুয়ারী রবিবার আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে অংশ নিয়ে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে তার চিন্তা ভাবনা ভাগ করে নেবেন । এটি হবে মন-কি-বাত অনুষ্ঠানের ১শো ১৮তম পর্ব ।

টোল-ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০তে ফোন করে জনগন তাদের মতামত ও পরামর্শ জানাতে পারবেন । নরেন্দ্র মোদী অ্যাপ বা মা-গভট ওপেন ফোরামের মাধ্যমে অন-লাইনেও জনসাধারণ আগামী ১৭ই জানুয়ারী পর্যন্ত তাদের পরামর্শ প্রদান করতে পারবেন ।

এই অনুষ্ঠান ১৯শে জানুয়ারী সকাল ১১টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ , এ-আই-আর নিউজ ওয়েবসাইট এবং নিউজ-অন-এ আই আর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে । এ আই আর নিউজ , ডি ডি নিউজ , পি এম ও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ-টিউব চ্যানেলগুলিতেও সরাসরি মন কি বাতের অনুষ্টানের শোনা যাবে । আকাশবাণীতে সরাসরি সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা প্রচার করা হবে । রাত ৮টায় আঞ্চলিক ভাষার অনুবাদ পুন: প্রচারিত হবে ।

---

গুয়াহাটি হাইকোর্ট রাজ্যে গ্রাম পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার ক্ষেত্রে অনুমতি প্রদান করেছে । ফলে, বিবাদমান ৯টি গ্রাম পঞ্চায়েতকে বাদ দিয়ে খুব শীঘ্রই সমগ্র রাজ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করা যাবে । শ্রীভূমি , কাছাড় , হাইলাকান্দি এবং মরিগাওকে অর্ন্তভুক্ত করে গৌহাটি হাইকোর্টে পঞ্চায়েত নির্বাচন নিয়ে মোট ৯টি আবেদন দাখিল করা হয়েছিল । বিচারপতি সৌমিত্র শইকীয়ার আদালত এ সম্পর্কীত গত শুক্রবারের স্থগিত রাখা রায়দান পুনর বিবেচনা করে গতকাল পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার রায় প্রদান করেন ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা হাই কোর্টের এই রায়দানের পর আগামী পয়লা বৈশাখের কাছাকাছি সময়ে রাজ্যে গ্রাম পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার সম্ভাবনা রয়েছে বলে সাংবাদিকদের জানান ।

---

কেন্দ্রীয় লোকসেবা আয়োগের পরীক্ষায় অবতীর্ন হতে যাওয়া রাজ্যের ৫১২ জন শিক্ষার্থীর জন্য রাজভবন থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে । রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য জানান যে প্রশিক্ষণ প্রদানের জন্য ৫১২ জনের মধ্যে ৫০০ জনকে অনলাইন ব্যবস্থার মাধ্যমে ও ১২ জনকে অফলাইন ব্যবস্থার মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে । এই শিক্ষার্থীরা যাতে লোকসেবা আয়োগের প্রারম্ভিক ও মূল পরীক্ষায় অবতীর্ন হতে পারে সেজন্য রাজভবনের পক্ষ থেকে বিভিন্ন সুবিধা প্রদান করা হবে বলে রাজ্যপাল জানান ।

---

পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি পালন উপলক্ষে বরাক উপত্যকার তিন জেলার ঘরে ঘরে পিঠে পুলি বানানোর প্রস্তুতি শুরু হোয়া সহ বিশেষ পূজা পার্বনেরও আয়োজন শুরু হয়েছে

এদিকে ভোগের উৎসব ভোগালী বিহুর মধ্যে একদিন বাকী থাকায় রাজ্যজুড়ে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । আজ ভোগালী বিহুর উরুকা । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করা সহ আনন্দের সংগে ভোগালী উৎসব পালন করতে আহ্বান জানিয়েছেন । গ্রামাঞ্চলের ঘরে ঘরে ঢেকির শব্দ বিহুর পরিবেশের সৃষ্টি করেছে । এদিকে এই উৎসব উপলক্ষে হাটে বাজারে ক্রেতাদের ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

---

ভোগালী বিহু , মকর সংক্রান্তী ও লহরী উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর , লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু বলেছেন যে এই উৎসবগুলি দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যে প্রতীক । এই উৎসবগুলি প্রকৃতির সঙ্গে

মানুষের নিবিড় সর্ম্পকের প্রতিফলন ঘটায় বলেও রাষ্ট্রপতি মন্তব্য করেছেন।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় বির্পযয় মোকাবিলায় প্রশাসনিক প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী ১৭ ও ১৮ই জানুয়ারী দু দিনের মক ড্রিল ও কর্মশালা অনুষ্ঠিত হবে। হাইলাকান্দি শহরের টাউন হলে আগামী ১৭ই জানুয়ারী প্রশাসনের আধিকারীকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে। আগামী ১৮ই জানুয়ারী আলগাপুরের আব্দুল লতিফ কলেজ, মইনূল হক চৌধুরী সায়েন্স কলেজ এবং বোয়ালিপারের শশীভূষন ইনস্টিটিউট অব এডুকেশনের প্রাঙ্গন স্থলে মক ড্রিল অনুষ্ঠিত হবে। উল্লেখ্য মক ড্রিলে ভূমিকম্প ও অগ্নিকান্ডের মহড়া অনুষ্ঠিত হবে।

---

হাইলাকান্দি জেলায় নিয়মিত টীকাকরন থেকে বাদ পড়া শিশুদের জন্য আগামী ১৭ই জানুয়ারী থেকে জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে বিশেষ টীকাকরন অভিযান শুরু করা হবে। জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে পাঁচ বছর বয়স পর্য্যন্ত শিশুদের এই টীকাকরনের উদ্দেশ্যে পোর্টাল u-win - এ রেজিষ্ট্রেশন করতে স্বাস্থ্য বিভাগ থেকে আবেদন জানানো হয়েছে। উল্লেখ্য এই অভিযান আগামী ২৫শে জানুয়ারী পর্য্যন্ত চলবে।

---